

যায়যায়দিন

8 মে ২০২৪ শনিবার
technology@jjdbd.com



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে নেপালের সরকারি কর্মকর্তাদের জন্য কেস স্টাডিভিত্তিক প্রশিক্ষণ

গত ২৮ এপ্রিল থেকে ২ মে ২০২৪ নেপালের সরকারি কর্মকর্তারা নর্থ সাউথ ইউনিভার্সিটির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি এবং গভর্ন্যান্স (এসআইপিজি) পাঁচ দিনব্যাপী একটি কেস স্টাডিভিত্তিক শিক্ষা (সিবিএল) প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করেছে। এই উদ্যোগটি নেপালের সরকারি কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজাইন করা হয়েছে, যা দ্বিতীয়বারের মতো এসআইপিজি এবং নেপাল সরকারের মধ্যে সহযোগিতার নিদর্শন বহন করে। এর আগে এসআইপিজি নেপালের ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের জন্য একটি প্রশিক্ষণের আয়োজন করেছিল।

নেপালের ১১ জন সরকারি কর্মকর্তার অংশ নেওয়া এই প্রশিক্ষণটি এসআইপিজির অধ্যাপকদের পাশাপাশি

বাংলাদেশ সরকারের কর্মকর্তাদের অংশগ্রহণে পরিচালিত হয়েছে। প্রশিক্ষণটি কেস স্টাডিগুলোর মাধ্যমে বাস্তবিক ও তাত্ত্বিক জ্ঞান প্রদানের মাধ্যমে সিদ্ধান্ত নির্ণয়, সমস্যা সমাধান এবং কৌশলগত চিন্তাধর্মতা বৃদ্ধির ওপর জোর দিয়েছিল, যা সরকারি পরিষেবার জন্য অপরিহার্য।

সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশে অবস্থিত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারীর উপস্থিতি ছিল একটি বিশেষ আকর্ষণ। অধ্যাপক শেখ তৌফিক এম হক, ডিন (আইসি), স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্স; ড. রিজওয়ান খায়ের, চেয়ার (আইসি), ডিপার্টমেন্ট অব পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোশিওলজি এবং কোর্স পরিচালক এবং ড. আব্দুর রব খান, কোষাধ্যক্ষ, নর্থ সাউথ ইউনিভার্সিটি উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।